

ডিজিটাল বাংলাদেশের  
অর্জন  
উপকৃত সকল জনগণ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রকল্প পরিচালকের কার্যালয়  
শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্প(২য় পর্যায়)



তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর

আইসিটি টাওয়ার, আগাঁরগাও, ঢাকা- ১২০৭

[www.sheikhrusseldigitallab.gov.bd](http://www.sheikhrusseldigitallab.gov.bd)

স্মারক নম্বর: ৫৬.০৪.০০০০.০০১.৩১.০৩৭.২০.১১০৭

তারিখ: ১৪ ভাদ্র ১৪২৯

২৯ আগস্ট ২০২২

বিষয়: আন্তর্জাতিক নিউট্রিশন অলিম্পিয়াড ২০২২ এর প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য শিক্ষা প্রতিষ্ঠান থেকে আগ্রহী শিক্ষার্থীদের নিবন্ধন কার্যক্রম সম্পন্নকরণ।

সূত্র: BIID/INO-01/22; তারিখঃ ২১ আগস্ট ২০২২

উপর্যুক্ত সূত্র ও বিষয়ের আলোকে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর এর সাথে গত ১৫ নভেম্বর ২০২০ তারিখে বাংলাদেশ ইন্সটিটিউট অফ আইসিটি ইন ডেভেলপমেন্ট (BIID) সাথে সমঝোতা স্বাক্ষরিত হয়েছে। সেই অনুযায়ী ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে ডিজিটাল পদ্ধতিতে বিভিন্ন প্রতিযোগিতা ও কার্যক্রম করার ক্ষেত্রে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর এবং BIID একে অপরকে সহযোগিতা করবে। এরই ধারাবাহিকতায়, সারাদেশে কিশোর কিশোরীদের পুষ্টি সচেতনতা বৃদ্ধি এবং পুষ্টি কার্যক্রম সম্প্রসারণের লক্ষ্যে সংশ্লিষ্ট ৫০টি শিক্ষা প্রতিষ্ঠানে নিউট্রিশন ক্লাব এর পাইলট কার্যক্রম গত এপ্রিল/২০২১ থেকে সেপ্টেম্বর/২০২১ মাসে BIID কর্তৃক সফলভাবে সম্পন্ন করা হয়েছে। গত ২১ আগস্ট ২০২২ তারিখের স্মারক নং BIID/INO-01/22 এর মাধ্যমে শেখ রাসেল ডিজিটাল ল্যাবের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানে কিশোর-কিশোরীদের আন্তর্জাতিক নিউট্রিশন অলিম্পিয়াড ২০২২ এ প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য শিক্ষা প্রতিষ্ঠান থেকে আগ্রহী শিক্ষার্থীদের নিবন্ধন কার্যক্রম সম্পন্ন করার বিষয়ে মাঠ পর্যায়ের কর্মকর্তাদের ও শেখ রাসেল ডিজিটাল ল্যাব প্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠান প্রধানদের সহযোগিতা প্রয়োজন।

০২। আগামী ০১-০২ অক্টোবর ২০২২ তারিখে BIID কর্তৃক আন্তর্জাতিক নিউট্রিশন অলিম্পিয়াড ২০২২ ঢাকার শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে আয়োজন করা হবে। সেখানে চূড়ান্ত প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। উক্ত প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য প্রত্যেকটি শেখ রাসেল ডিজিটাল ল্যাব প্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে তাদের প্রতিষ্ঠানের শিক্ষার্থীদেরকে শেখ রাসেল ডিজিটাল ল্যাব ব্যবহার করে অনলাইন রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো।

রেজিস্ট্রেশন লিংকঃ

ওয়েবসাইটঃ <http://nutritionolympiad.net/>

০৩। অধিকন্তু, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক স্থাপিত শেখ রাসেল ডিজিটাল ল্যাব সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের আন্তর্জাতিক এই প্রতিযোগিতায় অংশগ্রহণ করার বিষয়ে ল্যাব সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে প্রয়োজনীয় সহযোগিতা ও নির্দেশনা প্রদান করার জন্য অনুরোধ করা হল।

*R.Mahedi*

২৯-৮-২০২২

মোঃ রেজাউল মাকচুদ জাহেদী  
প্রকল্প পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: +৮৮০২৫৫০০৬৮২৫

ফ্যাক্স: +৮৮০২৫৫০০৬৮২৭

বিতরণ :

১) প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার(সকল), তথ্য ও

যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়।

ইমেইল: pdsrdl@doict.gov.bd

- ২) সহকারী প্রোগ্রামার (সকল), উপজেলা কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
- ৩) শেখ রাসেল ডিজিটাল ল্যাব প্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানের অধ্যক্ষ/প্রধান শিক্ষক/ সুপারিনটেনডেন্ট (সকল)।

স্মারক নম্বর: ৫৬.০৪.০০০০.০০১.৩১.০৩৭.২০.১১০৭/১(৯)

তারিখ: ১৪ ভাদ্র ১৪২৯  
২৯ আগস্ট ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, আইসিটি বিভাগ, আগারগাঁও, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ২) সিনিয়র সচিবের একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আগারগাঁও, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩) উপ প্রকল্প পরিচালক (কারিগরি) (অতিরিক্ত দায়িত্ব), প্রকল্প পরিচালকের দপ্তর, শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন (২য় পর্যায়)।
- ৪) সহকারী প্রোগ্রামার(সকল), শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন (২য় পর্যায়)।
- ৫) শেখ রাসেল ডিজিটাল ল্যাব প্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানের অধ্যক্ষ/প্রধান শিক্ষক/ সুপারিনটেনডেন্ট(সকল)।
- ৬) মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, মহাপরিচালকের কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)

২৯-৮-২০২২

মোহাম্মদ আবুল হাশেম

উপ প্রকল্প পরিচালক (সাধারণ) (অতিরিক্ত  
দায়িত্ব)